# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল

## For Procurement of Goods

(Request for Quotation Method)

ISO 9001:2015 Certified

**ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১**

মুক্তাগাছা,ময়মনসিংহ।

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর **"ট্রানজিট বীমাসহ পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের"** জন্য কোটেশন (RFQ) প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র।

---

**ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১**

মুক্তাগাছা, ময়মনসিংহ।

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুক্তাগাছা, ময়মনসিংহ।

ISO 9001:2015 Certified

মুজিব শতবর্ষ MUJIB 100

Phone: 09028-75205, E-mail: gmmpbs1@gmail.com, Web: www. pbs1.mymensingh.gov.bd

স্মারক নং-২৭.১২.৬১৬৫.৫১৭.০১.০৩৮.২০২২. ৬৬৯৮

তারিখঃ ২৮/১২/২০২২ খ্রিঃ
১৩ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ

**বিষয়ঃ- "১০ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার, কেন্দ্রিয় পণ্যাগার, বাপবিবো, চট্টগ্রাম হতে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ফুলবাড়ীয়া জোনাল অফিসের আওতায় কেশরগঞ্জ উপকেন্দ্রের নামে ক্রয়কৃত জমিতে ট্রানজিট বীমাসহ পরিবহন, লোডিং-আনলোডিংসহ প্যাডে স্থাপন এর " জন্য কোটেশন (RFQ) প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র।**

প্রতি,

................................

................................

১. ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিজস্ব তহবিলের আওতায় "১০ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার, কেন্দ্রিয় পণ্যাগার, বাপবিবো, চট্টগ্রাম হতে ময়মনসিংহ পবিস-১ এর ফুলবাড়ীয়া জোনাল অফিসের আওতায় কেশরগঞ্জ উপকেন্দ্রের নামে ক্রয়কৃত জমিতে ট্রানজিট বীমাসহ পরিবহন, লোড-আনলোডিংসহ প্যাডে স্থাপন" করার লক্ষ্যে প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবান করা যাচ্ছে।

২. ট্রান্সফরমার পরিবহনে সরবরাহের ইচ্ছুক সকল কোটেশন দাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩. এতদ সংগে সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট www.pbs1.mymensingh.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহনযোগ্য হবেনা অথবা আবেদনের মাধ্যমে ময়মনসিংহ পবিস-১ হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে।

৪. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারী কর্তৃক নির্ধারিত স্থানে অর্থাৎ ক) জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ মুক্তাগাছা, ময়মনসিংহ অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬. সিলমোহরকৃত খাম আগামী-০৪/০১/২৩খ্রিঃ **তারিখ এবং সময়-১১:০০ ঘটিকায়** কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্নিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে "ট্রানজিট বীমাসহ পাওয়ার ট্রান্সফরমার পরিবহন দরপত্র" উল্লেখ করে আগামী-০৪/০১/২৩খ্রিঃ তারিখ এবং সময় **বেলা ১১:০৫** এর আগে খোলা যাবে না লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. প্রাপ্ত দরপত্র সমুহ ০৪/০১/২৩খ্রিঃ **তারিখ এবং সময় বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস'র ওয়েব সাইট** www.pbs1.mymensingh.gov.bd**এ দেখা যাবে।**

৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

৯. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১০. কার্যাদেশ প্রাপ্তির পর ছকে বর্ণিত মোতাবেক ট্রান্সফরমার পরিবহনের পূর্বে পাওয়ার ট্রান্সফরমারের বীমা করনের বিষয়টি নিশ্চিত করতে হবে। সাধারণ বীমা কর্পোরেশন /গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অনুমোদিত যে কোন বীমা কোম্পানীর সহিত বহনযোগ্য পাওয়ার ট্রান্সফরমার পরিবহন বীমা চুক্তি সম্পাদন করতে হবে এবং বিলের সহিত বীমা সংশ্লিষ্ট কাগজপত্র সংযুক্ত করতে হবে। মালমালাল পরিবহন শেষে As per Actual Basis এ প্রকৃত বীমার অর্থ সমিতি কর্তৃক পুনঃভরণ করা হবে। পাওয়ার ট্রান্সফরমার এর ক্রয়মূল্য ১,১০,৯০,০০০/-(এক কোটি দশ লক্ষ নব্বই হাজার টাকা মাত্র)।

১১. পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের জন্য ট্রলি এবং লোডিং-আনলোডিং এর জন্য ক্রেন বা যে কোন যন্ত্রাদি কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকেই সংগ্রহ করতে হবে এবং এর জন্য কোন বিল দাবী করা যাবে না।

১২. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে অত্র সমিতির সহিত পাওয়ার ট্রান্সফরমার সংক্রান্ত বিষয়ে ৩০০.০০(তিন শত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে এবং বাপবিবো/সমিতির নিয়মানুযায়ী অন্যান্য শর্তাবলী প্রতিপালন করতে হবে।

১৩. সন্তোষজনকভাবে কাজ সম্পন্ন করার পর প্রকৃত দূরত্ব ও ওজনের প্রেক্ষিতে (As per Actual Basis) বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রয়োজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১৪. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৫. দরদাতা প্রতিষ্ঠানের পাওয়ার ট্রান্সফরমার পরিবহন ও প্যাডে স্থাপন কাজের অভিজ্ঞতা থাকতে হবে। দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, পরিবহন ঠিকাদারী লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর সনদ, ব্যাংক সলবেন্সি ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

১৬. মূল্যায়ণ কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ণ করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৭. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ণ কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৮. কার্যাদেশ জারীর তারিখ থেকে ১০ (দশ)দিনের মধ্যে পণ্য/সংশ্লিষ্ট পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের কাজ সম্পাদন করতে হবে।

১৯. নির্ধারিত তারিখের মধ্যে পাওয়ার ট্রান্সফরমার পরিবহন ও লোডিং আনলোডিং কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য পাওয়ার ট্রান্সফরমার এর পরিবহন চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যাথায় কার্যাদেশ বাতিলপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

২০. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২১. দরপত্র দাখিলের পূর্বে এতদ বিষয়ে প্রয়োজনে অত্র পবিসের এজিএম (ইএন্ডসি) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

২২. বর্ণিত মালামাল পরিবহনকালে কোন দূর্ঘটনা বা ক্ষতি হলে পরিবহন ঠিকাদার দায়ী থাকবেন। মালামাল পরিবহণের পূর্বে সমিতির সাথে যোগাযোগ করে তারিখ নির্ধারণ করতে হবে।

২৮/১২/২৪

(মোঃ আক্তার হোসেন)
জেনারেল ম্যানেজার
ফোনঃ ০৯০২৮-৭৫২০৫

**অনুলিপিঃ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য আপনার দপ্তরের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৪। পুলিশ সুপার, ময়মনসিংহ।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, ময়মনসিংহ।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----------------পবিস-১/২/৩/৪।
০৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, ময়মনসিংহ (দঃ) ।
০৮। ডিজিএম, (সদর-কারিগরী/মধুপুর/ফুলবাড়ীয়া/গোপালপুর/ঘাটাইল/ধনবাড়ী জোনাল অফিস), মপবিস-১
০৯। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/সঃ সেবা/ইএন্ডসি/এইচআর/ওএন্ডএম/আইটি-১/২/কালীবাড়ী/আছিম সাঃ জোঃ অঃ), মপবিস-১
১০। মেসার্স..............................................।
১১। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১) : ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১২। নোটিশ বোর্ড, মপবিস-১/ওয়েবসাইট Web: www.pbs1.mymensingh.gov.bd
১৩। অফিস/মাষ্টার কপি

২৮/১২/২৪

(মোঃ আক্তার হোসেন)
জেনারেল ম্যানেজার

কোটেশন দাখিল পত্র

**[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]**

কোটেশনের স্মারক নম্বর:-২৭.১২.৬১৬৫.৫১৭.০১.০৩৮.২০২২. ৬৬২৮ তারিখ: ২৮/১২/২২ খ্রিঃ।

প্রতি
-----------------------------
-----------------------------
-----------------------------

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য/সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে "ট্রানজিট বীমাসহ পাওয়ার ট্রান্সফরমার পরিবহন ও লোডিং আনলোডিং" করার জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা -------------------------কথায়ঃ-------------------------------

আমার/আমাদের কোটেশন প্রদানের পুনঃঅনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে,আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ..........................খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর
তারিখ

# পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

কোটেশনের স্মারক নম্বরঃ-২৭.১২.৬১৬৫.৫১৭.০১.০৩৮.২০২২. ৮৬২৮, তারিখঃ ২৮/১১/২২ খ্রিঃ

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমান | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | GS-47 | পাওয়ার ট্রান্সফরমার ১০ এমভিএ | টি | ০১ টি | | | | ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ফুলবাড়ীয়া জোনাল অফিসের আওতায় কেশরগঞ্জ উপকেন্দ্রের নামে ক্রয়কৃত জমিতে। |
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট **মূল্য** (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | | | | | | অংকে | | |
| | | | | | | কথায় | | |

| | |
|---|---|
| পণ্য/সেবা প্রেরণের ঠিকানা | ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, মুক্তাগাছা, ময়মনসিংহ |
| মোট মূল্য টাকায় (কথায়) | [উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য -------------------------------------------- |
| প্রস্তাবিত সরবরাহ | ১০(দশ) দিনের মধ্যে ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| সতর্কতা/ওয়ারেন্টি (warranty) | মালামাল পরিবহনে কোন দূর্ঘটনা বা ক্ষতি হলে ক্ষতিপূরণ প্রদান করতে হবে। |

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | |
| কোটেশনদাতার নাম | তারিখ: -------------------- |

টীকা:

১। কলাম ১,২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের সেবার দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

# আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী বং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | GS-47 | পাওয়ার ট্রান্সফরমার | ১০ এমভিএ (আইটেম নং- GS-47)<br>পাওয়ার ট্রান্সফরমার ওজন ২৪ টন।<br>মূল্য ১,১০,৯০,০০০/-।<br>দূরত্ব আনুমানিক ৪০০ কিঃমিঃ।<br>ট্রানজিট বীমা প্রযোজ্য। | বাংলাদেশ | - |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য/সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | |
| কোটেশনদাতার নাম | তারিখ: ------------------- |

টীকা:

১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) **ক্রয়কারী** পূরণ করবে। **ক্রয়কারীর** প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক **দর প্রদানের** জন্য একসেট **সঠিক** এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের **জন্য** পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার **লক্ষ্যে প্রস্তুত করতে হবে** এবং একইসঙ্গে **ক্রয়তব্য** পণ্য ও **সংশ্লিষ্ট** সেবার **কারিগরি দক্ষতা, দ্রব্যাদি** এবং কার্য-**সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা** করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত **আইটেম , দ্রব্যাদি** এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং **সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি** মডেলের **হবে। তার** নকশা এবং **দ্রব্যাদি**তে সব সাম্প্রতিক **উৎকর্ষ** সন্নেবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জসপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

# ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুক্তাগাছা, ময়মনসিংহ।

বিষয়ঃ ট্রানজিট বীমাসহ পাওয়ার ট্রান্সফরমার পরিবহন ও লোডিং আনলোডিং এর কার্যাদেশ ।

ক্রয় আদেশ নম্বর-২৭.১২.৬১৬৫.৫১৭.০১.০৩৮.২০২২. ৮৫৯৮, তারিখঃ ২৮/১২/২২ খ্রিঃ

| | |
|---|---|
| কোটেশন নম্বরঃ____________________ | তারিখ : --------- |
| প্রতি:<br>---------------------------- | |
| **সরবরাহের** তারিখ: ------------------------ | **পরিবহন** মূল্য: টাকা ------------------------ |

**পরিবহন** : শর্তানুযায়ী

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার ---------------------------- তারিখের দাখিলকৃত কোটেশনের দর ১ম সর্বনিম্ন হওয়ায়, দরপত্র মূল্যায়ন কমিটির নিকট বিবেচিত হওয়ায় নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে ট্রানজিট বীমাসহ পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের নিমিত্তে ---- -----------------------------------টাকার কথায়------------------------------------------------------ কাযাদেশ প্রদান করা হলো। উল্লিখিত মলামাল সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো ।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| (মোঃ আক্তার হোসেন)<br>জেনারেল ম্যানেজার<br>ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১<br>মুক্তাগাছা, ময়মনসিংহ। |
| তারিখ---------------- -----খ্রিঃ |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক।

Ask.

## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলীঃ

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী গ্রহনকারী এবং পরিবহনকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ১০ দিনের মধ্যে পরিবহনকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে পরিবহন কাজ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা গ্রহণকারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে পরিবহনকারীর পরিবহনের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. গ্রহনকার কারিগরী বিনির্দেশ অনুযায়ী পরিবহনকারী কর্তৃক পরিবহনকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে পরিবহনকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, গ্রহনকরী পরিবহনকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে পরিবহন বাতিল করতে পারবে।

৮. পরিবহন কারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । পরিবহনের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. পরিবহনকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা অংকে------------------------------- [কথায়----------------- ---------------------------------- ।

১২. পরিবহকারী কর্তৃক দাখিলকৃত এবং গ্রহনকারী কর্তৃক গৃহীত পরিবহন চালানের মাধমে পরিবহন সমাপ্তির তারিখ হতে পরিবহনকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ [প্রযোজ্য নয়] ।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে পরিবহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. পরিবহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিস্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোন দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী পরিবহনকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি পরিবহনকারী:

   ক. পরিবহনের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

   খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

   গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

২২. নির্ধারিত তারিখের মধ্যে যথাযথভাবে পাওয়ার ট্রান্সফরমার পরিবহন করতে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিলসহ প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৩. ট্রানজিট বীমাসহ পাওয়ার ট্রান্সফরমার পরিবহন করতে ব্যর্থ হলে প্রতি দিন বিলম্বের জন্য বিলম্বে সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে পরিবহনকৃত মালামালের পরিবহন মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

| ক্রেতার জন্য<br><br>জেনারেল ম্যানেজার<br>ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ | সরবরাহকারীর জন্য<br><br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
|---|---|
| তারিখ | তারিখ |

Bidd.